# নিউ ইয়র্ক সিটির জন্য জলবায়ু অভিযোজন কৌশলপত্রে জলবায়ু ন্যায়বিচারকে এগিয়ে নেয়ার কর্মসূচিঃ সারসংক্ষেপ

এই অধ্যায়টি 2019 সালের NPCC বিশেষ প্রতিবেদন থেকে জলবায়ু ন্যায়বিচারকে এগিয়ে নেওয়ার জন্য নিউ ইয়র্ক সিটির প্রচেষ্টাগুলো সম্পর্কে একটি সংক্ষিপ্ত বিবরণ দেবে যার অন্তর্ভুক্ত রয়েছে স্থানীয় জনগোষ্ঠী কীভাবে বহুমুখী জলবায়ু চাপের মোকাবিলা করে যাচ্ছে। অধ্যায়টি নিউ ইয়র্ক সিটির জলবায়ু চ্যালেঞ্জগুলিকে এই অঞ্চলের উপনিবেশায়ন, ভূমি দখল এবং দাসপ্রথার ইতিহাসের সাথেও যুক্ত করেছে। অধ্যায়টি উদীয়মান প্রমাণের উপর ভিত্তি করে তৈরি হয়েছে যা আমাদেরকে দেখাবে প্রদর্শন করে যে কীভাবে ঐতিহাসিক এবং সমসাময়িক ভূমি ব্যবহারের ধরন এবং সিদ্ধান্তগুলো জলবায়ু পরিবর্তন বাস্তুচ্যুতিসহ জলবায়ু ঝুঁকি এবং সামাজিক দুর্বলতাকে প্রভাবিত করে।

**এই অধ্যায়ের উল্লেখযোগ্য বিষয়গুলোর মধ্যে আছেঃ**

1. **2019 সাল থেকে নানা আইন ও কর্মসূচি গ্রহণের মধ্য দিয়ে সিটি সরকারের জলবায়ু-সম্পর্কিত সমতা বিধানকল্পে গৃহীত কাজগুলো পরিবেশগত অন্যায় ও জাতিগত বৈষম্য প্রতিকারের বিষয়ে আরও স্পষ্টভাবে মনোযোগ দিয়েছে। একইসঙ্গে আরও অধিক সংখ্যায় সিটি পরিষেবা প্রদান, সিটি সরকারের অগ্রগতি অনুসরণ এবং শেয়ার করার জন্য জনগণের জন্য ড্যাশবোর্ড তৈরি ও জলবায়ু ঝুঁকি মূল্যায়ন এবং স্থায়িত্ব ও ঘুরে দাঁড়ানোর পরিকল্পনার সাথে সমতা বিধানের চেষ্টাগুলোকে একীকরণের মাধ্যমও পরিবেশগত অন্যায় এবং জাতিগত বৈষম্যের প্রতিকারের দিকে সরকার আরও স্পষ্টভাবে মনোনিবেশ করেছে।** 2019 সালের NPCC প্রতিবেদন প্রকাশের পর থেকে, সরকারের সমতা বিধান কাঠামো প্রাথমিকভাবে পরিবেশগত ন্যায়বিচারের উপর নজর দেয়া থেকে পরবর্তীকালে জাতিগত ন্যায়বিচার এবং জলবায়ু ন্যায়বিচারকে অন্তর্ভুক্ত করার মধ্য দিয়ে তার পরিধি বিস্তৃত করেছে। সরকারের প্রচেষ্টাগুলোর লক্ষ্য হল সামাজিক ও জাতিগত সমতাকে এগিয়ে নেওয়ার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক ভিত্তি দান করা যার শুরুটা করতে হবে মানুষের স্বাস্থ্য এবং আয়ের উপরে কাঠামোগত বর্ণবাদের অব্যাহত প্রভাব ও উত্তরাধিকারের সুস্পষ্ট স্বীকৃতি দানের মাধ্যমে এবং প্রথম পদক্ষেপ হিসেবে সরকারের সকল পরিষেবা সবার জন্য উন্মুক্ত করে জাতিগত সমতা এবং সামাজিক ন্যায়বিচারকে কার্যকর করা।

2. **সিটি সরকারের জলবায়ু-সম্পর্কিত ন্যায়বিচারের কাজ স্থানীয় পর্যায়ে বিচ্ছিন্ন জলবায়ু ঝুঁকিসমূহ সম্পর্কে আরও ব্যাপক উপাত্ত থেকে এবং সিটি সরকারের সৌজন্যে করা জলবায়ু অভিযোজন প্রকল্প এবং ঘুরে দাঁড়ানোর জন্য বিনিয়োগগুলো অনুসরণ করার মাধ্যমে উপকৃত হবে।** কমিউনিটি বা মহল্লা পর্যায়ে জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং অভিযোজনের প্রয়োজনীয়তা সম্পর্কে জ্ঞান সীমিত এবং সিটি সরকারের সৌজন্যে করা অভিযোজন প্রকল্প এবং ঘুরে দাঁড়ানোর জন্য বিনিয়োগগুলো সম্পর্কে সীমিত উপাত্ত রয়েছে। স্থানীয় জলবায়ু ঝুঁকি সম্পর্কে আরও উপাত্ত এবং সিটি সরকারের সৌজন্যে করা জলবায়ু বিনিয়োগসমূহের পদ্ধতিগত অনুসরণ শহরের বাসিন্দাদের জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং তাদের মহল্লা ও সম্প্রদায়গুলোতে অভিযোজনের প্রয়োজনীয়তা সম্পর্কে অবহিত করতে সহায়তা করবে।

3. **নিউ ইয়র্ক সিটির সবচেয়ে প্রান্তিক জনগোষ্ঠীগুলোর মধ্যে কয়েকটি তাদের তাদের সম্প্রদায়ে বিভিন্ন পরিবেশগত, জলবায়ু এবং সামাজিক ঝুঁকিগুলোর সাথে লড়াই করার জন্য কার্যকর কিছু ব্যবস্থা প্রয়োগ করেছে এবং অনেক সুবিধাও পেয়েছে।** এই সুবিধাগুলোর মধ্যে রয়েছে সৌর শক্তির প্রাপ্যতা প্রসারিত করা এবং উচ্চ তাপ ও বায়ু দূষণের কবলে থাকা বাড়িগুলোকে শীতল করা।

4. **নিউ ইয়র্ক সিটির জলবায়ু চ্যালেঞ্জগুলি দাসপ্রথা এবং ভূমি দখলসহ এই অঞ্চলের ইতিহাসের সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত।** জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো প্রশমিত করতে এবং অভিযোজনের জন্য কার্যকর নীতি ও কৌশল প্রণয়ন করার জন্য ইতিহাসের এই প্রভাবগুলো বোঝা অত্যাবশ্যক। এই অঞ্চলে এবং নির্দিষ্ট সম্প্রদায়ের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাবের ঐতিহাসিক উত্তরাধিকারের স্বীকৃতি দান অঙ্গুলি নির্দেশ করে ক্ষতিপূরণ এবং পুনরুদ্ধারমূলক ন্যায়বিচারের প্রয়োজনীয়তার দিকে। আদিবাসী জ্ঞানকে স্বীকৃতি দিয়ে এবং ভূমির সাথে এর সম্পর্ককে পুনর্গঠন করে সিটি সরকার এমন একটি ভবিষ্যত তৈরি করতে পারে যা পরিবেশকে সম্মান করবে, সামাজিক ও জাতিগত ন্যায়বিচারকে অগ্রে তুলে ধরবে এবং সকল সম্প্রদায়ের মঙ্গল নিশ্চিত করবে।

5. **জলবায়ু ঝুঁকি এবং সামাজিক দুর্বলতা বৃদ্ধি বা স্থায়ী করে এমন অসম জমি ব্যবহার এবং বাজারের ধরনগুলো মোকাবিলা করতে নিউ ইয়র্ক সিটির উচিত জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনে, অভিযোজনে এবং ঘুরে দাঁড়ানোর কৌশলগুলোতে জাতিগত সমতা বিধান উদ্যোগের ফলাফল এবং পদ্ধতিগুলোকে অগ্রে তুলে ধরা।** যদিও ঐতিহাসিকভাবে ভূমি ব্যবহার এবং জলবায়ু ঝুঁকির মধ্যে সম্পর্কগুলো জটিল এবং প্রসঙ্গ-নির্ভর তবুও তাদের প্রায়ই একই রকম অন্তর্নিহিত পারস্পরিক সম্পর্ক থাকে যেমন অতীতের বৈষম্যমূলক ভূমি ব্যবহার এবং স্থান নির্ধারণ-সংক্রান্ত সিদ্ধান্ত, ঋণ সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে অস্বীকৃতি বা লাল রেখা এবং বিনিয়োগ রহিতকরণ ও ঝুঁকিপ্রবণ এলাকায় জমির কম মূল্য। অনেক ভূমি ব্যবহার সমস্যা - অতীতের এবং বর্তমানের - একটি অপরটিকে শক্তিশালী করে তোলে এবং ভবিষ্যতের ঝুঁকি ও দুর্বলতা তৈরি করে।

6. **নিউ ইয়র্ক সিটির উচিত জলবায়ু পরিবর্তনজনিত বাস্তুচ্যুতি এবং বড়লোকদের বসবাসের জন্য গরিব এলাকার উন্নয়নের কারণে বাস্তুচ্যুত মানুষের সংখ্যা নিরূপণ করা - যা জলবায়ু পরিবর্তনের প্রভাবের ক্ষেত্রে সামাজিক দুর্বলতার একটি গুরুত্বপূর্ণ দিক -একটি সুপারিশকৃত সম্মিলিত জলবায়ু পরিবর্তনজনিত বাস্তুচ্যুতি এবং সামাজিক দুর্বলতা (CDSV) স্কোরের মাধ্যমে বাস্তুচ্যুতির ঝুঁকি কমানোর প্রচেষ্টা সম্পর্কিত তথ্য জানানো যায় ।** সিটি সরকারের পাড়া-মহল্লা পর্যায়ে জলবায়ু পরিবর্তনজনিত বাস্তুচ্যুতির ঝুঁকি পরিমাপ করার ক্ষমতা শহরকে জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে সাহায্য করার জন্য নকশা করা নতুন অবকাঠামো এবং বিনিয়োগগুলো মানুষের বাস্তুচ্যুতির কারণ হতে পারে কিনা এবং হলে তা কীভাবে সেটি নির্ধারণে সাহায্য করতে পারে।

7. **বাস্তুচ্যুতি-বিরোধী কৌশলগুলো না থাকলে ঘুরে দাঁড়ানোর জন্য সহায়ক বিনিয়োগগুলোর ফলাফল অন্যায্য হতে পারে।** ন্যায় ও সমতাভিত্তিক জলবায়ু অভিযোজন অর্জনের মূল চাবিকাঠি হল সম্প্রদায়-চালিত জলবায়ু অভিঘাত-সহিষ্ণু কর্মসূচিগুলোকে অগ্রাধিকার দেওয়া: (1) ন্যায় ও সমতাকে প্রাসঙ্গিকভাবে অন্তর্ভুক্ত করা এবং পাড়া-মহল্লা পর্যায় পর্যন্ত স্থানগুলোর ইতিহাস বোঝা; (2) জলবায়ু ধাক্কাগুলোর কারণে সৃষ্ট জাতিগত বিপদাপন্নতা হ্রাস করার জন্য একটি সামগ্রিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা, যার মধ্যে রয়েছে জলবায়ু প্রভাবগুলির সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত সমস্যাগুলো যেমন আবাসন এবং পরিবহণ সুবিধা; এবং, (3) জলবায়ু অভিযোজনের খরচের বোঝা (যেমন, জ্বালানির জন্য অধিক খরচ, বিমার কিস্তি, স্থানান্তর) এক একজনকে এক একভাবে প্রভাবিত করে বিষয়টি স্বীকার করা-বিশেষ করে যখন বাড়ির মালিকানা এবং সম্পদের ব্যবধানের আলোকে বিবেচনা করা হয়-এবং এর ফলে বাস্তুচ্যুতির ঝুঁকি বেড়ে যেতে পারে।

8. **নিউ ইয়র্ক সিটি এবং বিশ্বের সর্বোত্তম অনুশীলনগুলো জলবায়ু ঝুঁকি মোকাবেলায় সমন্বিত, ইতিবাচকভাবে বর্ণবাদ-বিরোধী, সমতাভিত্তিক এবং ন্যায়সঙ্গত কর্মসূচির গুরুত্ব তুলে ধরে।** আরও সমভাবে এবং জাতিগতভাবে ন্যায্য জলবায়ু অভিযোজন কর্মসূচির জন্য চিহ্নিত সেরা অনুশীলনের তিনটি বিস্তৃত উপায় হলো: (1) জলবায়ু অভিঘাত-সহিষ্ণুতার সমন্বিত কর্মসূচি যা ন্যায়ভিত্তিক পরিবর্তন ও অভিযোজিত অর্থনীতিকে এগিয়ে নেওয়ার সুযোগ অনুসন্ধান করে ; (2) একটি বিভাজিত আবাসন এবং জলবায়ু পরিবর্তনজনিত বাস্তুচ্যুতি ঝুঁকির মুখোমুখি হয়েও সম্প্রদায়-নেতৃত্বাধীন পরিকল্পনা প্রক্রিয়াগুলো অভিযোজন পরিকল্পনাগুলোকে আরও সফল করে তোলে; এবং, (3) সম্প্রদায়, নাগরিক সংস্থাসমূহ, রাজ্য ও স্থানীয় সরকারি অফিসসমূহ এবং কর্মসূচিগুলোর মধ্যে আন্তঃসম্পর্ককে কাজে লাগিয়ে লক্ষ্য, কর্মসূচি ও নীতির সহযোগিতামূলক উন্নয়ন সাধন।

**সারসংক্ষেপ**

NPCC3 থেকে প্রাপ্ত তথ্য এবং সুপারিশগুলোর উপর ভিত্তি করে *নিউ ইয়র্ক সিটির জলবায়ু অভিযোজন কৌশলপত্রে জলবায়ু ন্যায়বিচার অগ্রসরকরণ কর্মসূচি* জলবায়ু ন্যায়বিচার মোকাবিলার জন্য নিউইয়র্ক সিটির প্রচেষ্টাগুলোর একটি সংক্ষিপ্ত বিবরণ প্রদান করে। এই অধ্যায়টি 2019 সাল থেকে জলবায়ু অভিযোজনে সমতা ও ন্যায়বিচারকে একীভূত করার জন্য সিটি সরকারের প্রচেষ্টার মূল্যায়ন করে এবং কীভাবে নিউ ইয়র্ক সিটির সম্প্রদায়গুলো বিভাজন ও চলমান জলবায়ু এবং সামাজিক চাপ মোকাবিলায় উদ্ভাবনী পদ্ধতির প্রয়োগ করেছে তা তুলে ধরে। এই অধ্যায়ে এই অঞ্চলের উপনিবেশ এবং ভূমি দখলের ইতিহাস এবং অতীতে ও বর্তমানে ভূমি ব্যবহারের ধরন এবং সিদ্ধান্তগুলো, চলমান জলবায়ু ঝুঁকি এবং বাস্তুচ্যুতির মতো সামাজিক বিপদাপন্নতাকে কীভাবে প্রভাবিত করে তার রূপরেখা দেয়। প্রদত্ত সুপারিশগুলোর মধ্যে অন্যতম হলো একটি সম্মিলিত জলবায়ু বাস্তুচ্যুতি এবং সামাজিক বিপদাপন্নতা (CDSV) স্কোর তৈরি করার জন্য একটি নিউ ইয়র্ক সিটি-কেন্দ্রিক পরিমাপ ব্যবস্থা। জলবায়ু পরিবর্তনজনিত বিপত্তি, আর্থ-সামাজিক বৈষম্য এবং বাস্তুচ্যুতির জন্য শহরের সবচেয়ে ঝুঁকিপূর্ণ এলাকা চিহ্নিত করার জন্য এই পরিমাপ ব্যবস্থাটির নকশা তৈরি করা হয়েছে। সুপারিশকৃত স্কোরিং পদ্ধতিটির মাধ্যমে পাড়া-মহল্লা পর্যায়ে অসমভাবে জলবায়ু ঝুঁকিতে থাকা নির্দিষ্ট জনগোষ্ঠীর বিপদাপন্নতার মাত্রা গণনাপূর্বক তুলে ধরতে পারে। অধ্যায়টি স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক পরিপ্রেক্ষিত থেকে সর্বোত্তম অনুশীলনগুলো যা সম্প্রদায়-পরিচালিত, জলবায়ু অভিঘাত-সহিষ্ণু কর্মসূচিকে অগ্রাধিকার দেয় এবং যেগুলো আরও সমন্বিত, ন্যায় ও সমতাভিত্তিক এবং জাতিগতভাবে ন্যায়সঙ্গত, সেগুলোকে অন্তর্ভুক্ত করেছে।

**অধ্যায়ের লেখকবৃন্দ:**
Sheila R. Foster, Ana Baptista, Khai Hoan Nguyen, Jack Tchen, Marco Tedesco, Robin Leichenko

**কৃতজ্ঞতা স্বীকার:**
কর্নেল ইউনিভার্সিটির ঝুঁকি যোগাযোগ গবেষণা দল (The Risk Communication Research Group) এই সারাংশের প্রাথমিক খসড়া তৈরি করেছে। এই অধ্যায়ের সারাংশ রচনার নেতৃত্ব দেওয়ার জন্য গ্র্যাজুয়েট স্কুলের সহযোগী ডিন(একাডেমিক) Dr. Josephine Martell-কে অনেক ধন্যবাদ। এছাড়াও, ধন্যবাদ জানাই যোগাযোগ বিভাগের অধ্যাপক Dr. Katherine McComas,

প্রভাষক Dr. Catherine Lambert, গবেষণা সহযোগী Dr. Dominic Balog-Way, পিএইচডি প্রার্থী Alisius Leong, পিএইচডি ছাত্রী Rebekah Wicke-কে।

**সুপারিশকৃত উদ্ধৃতি:**

Foster, S., Baptista, A., Nguyen, K. H., Tchen, J., Tedesco, M., Leichenko, R. (2024). NPCC4: নিউ ইয়র্ক সিটির জন্য জলবায়ু অভিযোজন কৌশলপত্রে জলবায়ু ন্যায়বিচার অগ্রসরণ কর্মসূচিঃ সারসংক্ষেপ www.climateassessment.nyc